ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# টিআইবি'র তিন কর্মকর্তার জামিন ও ব্যক্তিগত হাজিরা প্রদান থেকে অব্যাহতি লাভ

**চট্টগ্রাম, বুধবার, ৪ মে ২০১১:** আজ চট্টগ্রামের দুইটি পৃথক আদালতে টিআইবি'র প্রাক্তন চেয়ারম্যান এবং ট্রাস্টি বোর্ডের সদস্য এম হাফিজউদ্দিন খান, নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান এবং সিনিয়র গবেষণা কর্মকর্তা ওয়াহিদ আলম এর জামিন মঞ্জুর করা হয়। একই সঙ্গে উভয় আদালতে জামিনপ্রাপ্তদের পরবর্তীতে ব্যক্তিগত হাজিরা থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। এ ছাড়া আগামী ২৮ জুন টিআইবি'র উক্ত তিন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানীর তারিখ নির্ধারণ করা হয়।

উল্লেখ্য, টিআইবি যথাযথ আইনি প্রক্রিয়ায় আজ বিচারক জনাব এম.এম.ওসমান গনি এর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট-২ আদালত এবং ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ ইব্রাহীম মিয়া এর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট-২ আদালত থেকে জামিন লাভ করেন।

গত ২৩ ডিসেম্বর ২০১০ টিআইবি কর্তৃক জাতীয় খানা জরিপ ২০১০ এর প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর দেশের ৪টি আদালতে একই ধরনের মামলার সূত্রপাত ঘটে। কুমিল্লার ম্যাজিস্ট্রেট আদালতে টিআইবি'র উল্লিখিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হলেও পরবর্তীতে সেই মামলাটি সরাসরি খারিজ করা হয়। অন্যদিকে বান্দরবান জেলার লামায় দায়েরকৃত একই ধরনের একটি মামলা সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেট আদালত আমলে নেননি। ২৬ ডিসেম্বর চট্টগ্রামে দু'টি পৃথক মামলা দায়ের করা হয়।

টিআইবি'র পক্ষে মামলা দু'টি পরিচালনা করেন সচেতন নাগরিক কমিটি চট্টগ্রাম এর আহ্বায়ক অ্যাডভোকেট আখতার কবির চৌধুরী এবং অ্যাডভোকেট সরোয়ার কামাল চৌধুরী।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২